# জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর

INS02-3/00115/2016/3735/ ৫৭৮৩০ Date: 28.02.2026

প্রাপক ঃ অধ্যক্ষ
কাশীনগর কলেজ
চৌদ্দগ্রাম, কুমিল্লা।

বিষয় ঃ **স্নাতক (পাস) শিক্ষাকার্যক্রমে অধিভুক্তি নবায়ন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অ্যাকাডেমিক কাউন্সিল ও সিন্ডিকেট সভার অনুমোদন সাপেক্ষে কলেজের নিম্নোক্ত শিক্ষাকার্যক্রম ও বিষয়ের অধিভুক্তি নবায়নের মেয়াদ শর্তাধীনে বৃদ্ধি করা হলো:

| শিক্ষাকার্যক্রম | শিক্ষাবর্ষ | বিষয়সমূহ |
|---|---|---|
| বি.এস.এস (পাস) | ২০২৩-২০২৪ হতে ২০২৫-২০২৬ | বাংলা, ইংরেজি, অর্থনীতি, দর্শন, সমাজবিজ্ঞান, সমাজকর্ম এবং রাষ্ট্রবিজ্ঞান |

**পালনীয় শর্তাবলীঃ**

১। শিক্ষা প্রতিষ্ঠানে আনুষ্ঠানিকভাবে জাতীয় সংগীত পরিবেশন ও জাতীয় পতাকা উত্তোলন বাধ্যতামূলক করতে হবে।

২। **কোভিড-১৯ এর দুর্যোগপূর্ণ পরিস্থিতির কারণে ছাত্র-ছাত্রীদের জন্য অন-লাইন(Online) ভিত্তিক পাঠদানের ব্যবস্থা করতে হবে।**

৩। শিক্ষার সুষ্ঠু পরিবেশ নিশ্চিতকরণে পরিষ্কার-পরিচ্ছন্ন, স্বাস্থ্যসম্মত ও পরিবেশ বান্ধব শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৪। ছাত্র-ছাত্রীদের নিরাপদ সড়কের বিষয়ে শিক্ষাপ্রতিষ্ঠানে সচেতনতামূলক কার্যক্রম জোরদার করতে হবে।

৫। শিক্ষার সুষ্ঠু পরিবেশ নিশ্চিতকরণে যৌন নিপীড়ন রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৬। অধিভুক্তি সংক্রান্ত সংশোধিত রেগুলেশন-২০১৯ এর আলোকে কাম্য সংখ্যক শিক্ষার্থী ভর্তিসহ স্নাতক (পাস) শিক্ষাকার্যক্রমে অধিভুক্ত প্রতিটি বিষয়ে ন্যূনতম ০৩(তিন) জন করে শিক্ষক কর্মরত থাকতে হবে।

৭। **যে সকল বিষয়ে কাম্য সংখ্যক পূর্ণকালীন শিক্ষক নেই সে সকল বিষয়ে কাম্য সংখ্যক পূর্ণকালীন শিক্ষক নিয়োগ দিয়ে শিক্ষক সংখ্যা কাম্য পর্যায়ে উন্নীত করে বিশ্ববিদ্যালয়ে অবহিত করতে হবে।**

৮। নিয়মিত টিউটোরিয়াল ক্লাসের ব্যবস্থা করতে হবে এবং প্রতি শিক্ষাবর্ষে সংশ্লিষ্ট শিক্ষকদের দ্বারা পরীক্ষা গ্রহণ করে ফলাফলের রেকর্ড সংরক্ষণ করতে হবে।

৯। স্নাতক পাঠ্যসূচি অনুযায়ী প্রতি বিষয়ে কমপক্ষে দু'শত পুস্তক ও রেফারেন্স বুক সংগ্রহ করতে হবে এবং গ্রন্থাগার থেকে পুস্তক বিতরণের ব্যবস্থা করতে হবে।

১০। গবেষণাগারে প্রয়োজনীয় দ্রব্যাদি ও যন্ত্রপাতির সরবরাহ নিশ্চিত করতে হবে।

১১। প্রত্যেক শিক্ষাবর্ষ শেষে জাতীয় বিশ্ববিদ্যালয়ে বার্ষিক বিবরণী পাঠাতে হবে।

১২। জাতীয় বিশ্ববিদ্যালয়ের পূর্বানুমতি ব্যতিরেকে কোন কোর্স/বিষয় প্রবর্তন করা যাবে না।

১৩। বিশ্ববিদ্যালয়ের বিধি অনুযায়ী গভর্নিং বডি গঠন করতে হবে।

১৪। অধিভুক্তি নবায়নের জন্য সংশ্লিষ্ট শিক্ষাবর্ষের কমপক্ষে ০৬ (ছয়) মাস পূর্বে ফিসহ নির্ধারিত ফরমে কলেজ পরিদর্শক বরাবর আবেদন করতে হবে।

উপর্যুক্ত শর্তাবলী যথাযথভাবে পূরণ করা হয়েছে কিনা সে সংক্রান্ত সকল তথ্যাবলীসহ আবেদন করা না হলে পরবর্তী অধিভুক্তি নবায়নের আবেদন বিবেচনা করা হবে না।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

28.2.23

ফাহিমা সুলতানা
কলেজ পরিদর্শক (ভারপ্রাপ্ত)
জাতীয় বিশ্ববিদ্যালয়
মোবাইলঃ ০১৭১১-৫৬৩৪০০

INS02-3/00115/2016/3735/ Date:

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১। ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
২। পরীক্ষা নিয়ন্ত্রক, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
৩। অফিস কপি।

28.2.23

কলেজ পরিদর্শক
জাতীয় বিশ্ববিদ্যালয়

# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা, ফোন : ০২৩৩৪৪০৬৩২৮, ফ্যাক্স : ০৮১-৭৬৪৩৮
comillaboard@gmail.com
website : www.comillaboard.gov.bd. E-mail : comillaboard@gmail.com

তারিখ : ২১/০৯/২০২৩ খ্রি.

স্মারক নং : ক.প/স্বীকৃতি/কুম/৮৭৪

বিষয় : স্বীকৃতি নবায়ন প্রসঙ্গে

সূত্র : ০২/০৮/২০২৩ তারিখের আবেদন

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে, নিম্নোক্ত শর্তে "কাশীনগর ডিগ্রি কলেজ"– এর ০১.০৭.২০২৩ তারিখ হতে ৩০.০৬.২০২৭ পর্যন্ত ০৪ (চার) বৎসরের জন্য নিম্নলিখিত শাখা ও বিষয়সমূহের স্বীকৃতি নবায়ন করা হলো।

আবশ্যিক বিষয়সমূহ : বাংলা, ইংরেজি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি;

ক) মানবিক শাখা - বিষয়সমূহ : অর্থনীতি, পৌরনীতি ও সুশাসন, যুক্তিবিদ্যা, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, সমাজকর্ম, ইসলাম শিক্ষা, সমাজবিজ্ঞান, কৃষিশিক্ষা;

খ) ব্যবসায় শিক্ষা শাখা - বিষয়সমূহ : হিসাব বিজ্ঞান, ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা, উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন, পরিসংখ্যান;

গ) বিজ্ঞান শাখা - বিষয়সমূহ : পদার্থবিজ্ঞান, রসায়নবিজ্ঞান, জীববিজ্ঞান, উচ্চতর গণিত, প্রকৌশল অংকন ও ওয়ার্কশপ প্র্যাকটিস;

তাঁকে আরও জানানো যাচ্ছে, ৩০.০৬.২০২৭ তারিখের পর হতে উল্লিখিত কলেজের স্বীকৃতি পুন: নবায়নের বিষয়টি নিচের শর্তাবলী যথাযথ পূরণ করার পর কলেজের কার্যাবলীর সন্তোষজনক পরিদর্শন বিবরণী পেলেই বিবেচনা করা যেতে পারে।

শর্তসমূহ :

১. সকল বিভাগ ও বিষয়ে কাম্য সংখ্যক শিক্ষার্থী ভর্তি করতে হবে।
২. লেখাপড়ার গুণগত মান উন্নয়নসহ উচ্চমাধ্যমিক পরীক্ষার ফলাফল ও পাসের হার সন্তোষজনক হতে হবে।
৩. সরকারি নীতমালা অনুযায়ী শিক্ষক-কর্মচারী ও শিক্ষার্থীদের আগমন এবং প্রস্থান করতে হবে।
৪. কলেজ লাইব্রেরি ও বিজ্ঞানাগারে আধুনিকীকরণসহ তা ব্যবহারে শিক্ষার্থীদের উদ্বুদ্ধ করতে হবে।
৫. সহ-শিক্ষা কার্যক্রম চালু রাখাসহ জাতীয় দিবসমূহ যথাযথভাবে উদযাপন করতে হবে।
৬. কলেজে ইন্টারনেট সংযোগসহ ওয়েবসাইট চালু এবং শ্রেণিকক্ষে পাঠদানে ICT ব্যবহার করতে হবে।

২১/৯/২৩

(প্রফেসর মোঃ জহিরুল ইসলাম পাটোয়ারী)
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
ফোন : ০২৩৩৪৪০৬৩৪৬

অধ্যক্ষ
"কাশীনগর ডিগ্রি কলেজ"
কাশীনগর, চৌদ্দগ্রাম, কুমিল্লা

তারিখ : /০৯/২০২৩ খ্রি.

স্মারক নং : ক.প/স্বীকৃতি/কুম/

অবগতি ও কার্যার্থে :

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
২. পরিচালক, ব্যানবেইস, ১নং সোনারগাঁও রোড, পলাশী, নীলক্ষেত, ঢাকা
৩. পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
৪. অফিস কপি

(প্রফেসর মোঃ জহিরুল ইসলাম পাটোয়ারী)
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
ফোন : ০২৩৩৪৪০৬৩৪৬